গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.২১.০০৩.১৯.২৯ তারিখ: ২৮ মাঘ ১৪২৫

১০ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: **যথাযথভাবে নিরীক্ষা সম্পন্ন করে পুনরায় নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ ।**

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৭.২১.০০১.১৮-২১০ তারিখ: ২৯/১০/২০১৮

উর্পযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এক্সিম ব্যাংক কৃষি বিশ্বিবদ্যালয় বাংলাদেশ এর ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাপ্ত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনায় নিম্নরূপ বিষয়সমূহ পরিলক্ষিত হয়:

| ক্র.ন. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ প্রদত্ত কার্যপরিধি | নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা |
|---|---|---|
| ১ | বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা | নিরীক্ষা প্রতিবেদনে cash at bank এ ২৩,৯৯,২৪,৪৯৮/- টাকা দেখানো হয়েছে কিন্তু আয়-ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা উল্লেখ করা হয়নি। |
| ২ | ব্যয়ের ভাইচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা | ব্যয়ের ভাউচার সংক্রান্ত কোন কিছু নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখ করা হয়নি। |
| ৩ | সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা | বিশ্ববিদ্যালয়ের আয়ের ক্ষেত্রে একাডেমিক (৪টি খাত)ও নন একাডেমিক (২টি খাত) এবং ব্যয়ের ক্ষেত্রে একাডেমিক (১২ টি খাত) ও নন-একাডেমিক (০৭ টি খাত) খাত উল্লেখ করা হয়েছে, কিন্তু নির্দিষ্ট খাতেই অর্থ ব্যয় করা হচ্ছে কিনা বা খাত ভিত্তিক আয়-ব্যয় সঠিকভাবে সম্পাদন করা হয়েছে কিনা বা কোন অনিয়ম হয়ে থাকলে তার বিবরণ দেয়া হয়নি। |
| ৪ | বিবিধ খাত দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা। | বিবিধ খাতে একাডেমিক ২৫,৫০৫/- টাকা এবং নন-একাডেমিক ২,৮৩৪/- টাকা ব্যয় দেখানো হয়েছে। |
| ৫ | বিশ্ববিদ্যালয়ের আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা | বিশ্ববিদ্যালয়ের আর্থিক লেনদেনের ক্ষেত্রে লেজার সংরক্ষণ নিয়ে নিরীক্ষা প্রতিবেদনে কোন কিছু উল্লেখ নেই। |
| ৬ | শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধ করে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কিনা তা নিশ্চিত করা | এ বিষয়ে নিরীক্ষা প্রতিবেদনে কোন কিছু বর্ণনা করা হয়নি। |
| ৭ | বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা | বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ এর আর্থিক পরিমাণ ১৭,৫০,০৩,৩৫২/- টাকা উল্লেখ করা আছে কিন্তু বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না তা উল্লেখ নেই। |

| | | |
|---|---|---|
| ৮ | ব্যাংকের হিসাব/হিসাবসমূহ কে কে পরিচালনা করেন তা বর্ণনা করা | এ বিষয়ে নিরীক্ষা প্রতিবেদনে কোন কিছু উল্লেখ নেই। |
| ৯ | বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না | নিরীক্ষা প্রতিবেদনে Profit from Investment এ ৩৩,৪৩,৫০০/- টাকা দেখানো হয়েছে কিন্তু বিশ্ববিদ্যালয় তহবিলে তা জমা হয় কি-না এ বিষয়ে নিরীক্ষা প্রতিবেদনে কোন কিছু উল্লেখ নেই। |
| ১০ | হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া | নিরীক্ষা প্রতিবেদনে অন্যান্য আয় ২,২৩,৩০০/-/- টাকা দেখানো হয়েছে এবং তার বিবরণ দেয়া আছে, বিবরণের মধ্যে বিবিধ রিসিপ্ট খাতে ৬১,০০০/- টাকা দেখানো হয়েছে যার কোন বিস্তারিত বর্ণনা নেই। আবার অবচয়/অবক্ষয় খাত দেখিয়ে একাডেমিক এ ৬৫,৯৪,৯৪৮/- টাকা ও নন একাডেমিক এ ৮,০৭,৬২০/- টাকা মোট (৭৪,০২,৫৬৮/-) টাকা ব্যয় দেখানো হয়েছে। |
| ১১ | বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা | Performance Audit হয় বলে প্রতীয়মান হয়না, এ বিষয়ে কোন বর্ণনাও নেই। |
| ১২ | VAT, Income Tax আর্থিক বিধি মাফিক কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা | বিশ্ববিদ্যালয়ের ব্যয়ের ক্ষেত্রে Tax খাতে ৯,৪৫,৭৫৯/- টাকা Vat খাতে ৯১,৭৫১/- টাকা দেখানো হয়েছে। এছাড়া, Vehicle tax, Insurance & Fitness খাতে একাডেমিক ১,৩৪,৮০১/- টাকা এবং নন-একাডেমিক ১৪,৯৭৮/- টাকা দেখানো হয়েছে। কিন্তু বিধি মোতাবেক প্রযোজ্য সকল ক্ষেত্রে VAT পরিশোধ করা হয় কিনা তা বর্ণনা করা হয়নি। |
| ১৩ | স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা | নিরীক্ষা প্রতিবেদনে স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না তার বর্ণনা নেই। |
| ১৪ | বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ (১) ধারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ মঞ্জুরী কমিশিন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা। | এ বিষয়ে নিরীক্ষা প্রতিবেদনে কোন কিছু উল্লেখ নেই। |

০২। প্রাপ্ত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, নিরীক্ষা প্রতিবেদনটি গতানুগতিক এবং এই প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের সার্বিক আর্থিক ব্যবস্থাপনা প্রতিফলিত হয়নি। উল্লেখ্য, নিরীক্ষার জন্য এ বিভাগের বিশ্ববিদ্যালয় অনুবিভাগ ১৪টি কার্যপরিধি অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করেছিল। পরবর্তীতে এ অনুবিভাগ কর্তৃক ২৯/১০/২০১৮ তারিখের-৩৭.০০.০০০০.০৮৭.২১.০০১.১৮-২১০ স্মারকমূলে পুনরায় উল্লিখিত ১৪ (চৌদ্দ)টি কার্যপরিধি আবশ্যিকভাবে অনুসরণ পূর্বক নিরীক্ষা সম্পাদনের জন্য অনুরোধ করা হয়েছিল। প্রাপ্ত নিরীক্ষা প্রতিবেদনটিতে ১৪ (চৌদ্দ)টি কার্যপরিধি অনুসরণ না হওয়ায় নিরীক্ষা প্রতিবেদন পূর্ণাঙ্গ ও যথাযথ হয়নি। এরূপ নিরীক্ষার মাধ্যমে নিরীক্ষার উদ্দেশ্যই বাস্তবায়িত হবে না। এই নিরীক্ষা প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের আর্থিক কার্যক্রমের সুস্পষ্ট চিত্র প্রতিভাত না হওয়ায় এটি আর্থিক স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিতের জন্য সহায়ক হবে না।

০৩। এমতাবস্থায়, বর্ণিত ১৪ (চৌদ্দ)টি কার্যপরিধি যথাযথভাবে অনুসরণ পূর্বক পুনরায় নিরীক্ষা সম্পন্ন করে নিরীক্ষা প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১০-২-২০১৯
মোঃ রাহেদ হোসেন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

রেজিস্ট্রার, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৭.২১.০০৩.১৯.২৯/১

তারিখ: ২৮ মাঘ ১৪২৫
১০ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা

২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) উপাচার্য, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়, চাঁপাইনবাগঞ্জ

৪) উপ-সচিব, বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭) অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৮) যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১০-২-২০১৯
মোঃ রাহেদ হোসেন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)